




ঢাকা মহানগর উত্তর ছাত্রদলের সহ-সভাপতি হলেন রামগতির হেলাল উদ্দিন



হেলাল উদ্দিন মাহি। ছবি: প্রতিনিধি

ঢাকা মহানগর উত্তর বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদলের পূর্ণাঙ্গ কমিটি ঘোষণা করেছে কেন্দ্রীয় কমিটি। নতুন ঘোষিত এই কমিটিতে সহ-সভাপতি হলেন লক্ষ্মীপুর জেলার রামগতি থানার কৃতি সন্তান মোঃ হেলাল উদ্দিন মাহি। কেন্দ্রীয় ছাত্রদলের প্যাডে প্রকাশিত এক বিজ্ঞপ্তিতে এই তথ্য জানানো হয়। দীর্ঘদিন ধরে জাতীয়তাবাদী ছাত্রদলের রাজনীতির সাথে সক্রিয়ভাবে যুক্ত রয়েছেন হেলাল উদ্দিন মাহি। ত্যাগী ও সাহসী এই ছাত্রনেতাকে ঢাকা মহানগর উত্তর ছাত্রদল কমিটিতে গুরুত্বপূর্ণ দায়িত্ব দেওয়ায় রামগতির সাধারণ মানুষ ও ছাত্রসমাজে সন্তোষ দেখা দিয়েছে। স্থানীয়রা তাকে অভিনন্দন জানানোর পাশাপাশি কেন্দ্রীয় নেতৃত্বকেও শুভেচ্ছা জানিয়েছেন। আওয়ামী ফ্যাসিস্ট সরকারের সময় তিনি নিপীড়ন ও নির্যাতনের শিকার হয়েও জুলাই আন্দোলনে অগ্রণী ভূমিকা রাখেন।



তিনি সর্বশেষ ঢাকা কলেজে পড়াশুনা করতেন। তার প্রথম রাজনৈতিক যাত্রা শুরু হয় আ স ম আব্দুর রব সরকারি কলেজে অধ্যয়নের সময় ছাত্রদলের সঙ্গে সম্পৃক্ততার মাধ্যমে। তখন তিনি কলেজ ছাত্রদলের দপ্তর সম্পাদক হিসেবেও দায়িত্ব ছিলেন। বর্তমানে তিনি খিলগাঁও ল' কলেজে আইন বিষয়ে অধ্যয়নরত এবং সেখানে জাতীয়তাবাদী আইন ছাত্র ফোরামের সিনিয়র সহ-সভাপতি হিসেবে দায়িত্ব পালন করছেন।

রাজনীতির পাশাপাশি তিনি একজন সক্রিয় সামাজিক সংগঠকও। তিনি বন্ধন বাংলাদেশ ব্লাড ডোনর সোসাইটি ও বন্ধন বাংলাদেশ এর প্রতিষ্ঠাতা সভাপতি। এসব সামাজিক উদ্যোগের মাধ্যমে তিনি একজন “রক্তমানব” হিসেবে পরিচিতি পেয়েছেন। রক্তের প্রয়োজনে তিনি নিজ উদ্যোগে রক্তদাতা সংগ্রহ করে সহায়তা নিশ্চিত করেন।

নতুন দায়িত্ব পেয়ে মোঃ হেলাল উদ্দিন মাহি বলেন, “দলের জন্য অনেক ত্যাগ স্বীকার করেছি যার কারণে দল আমার ওপর আস্থা রেখে ঢাকা মহানগর উত্তর ছাত্রদলের সহ-সভাপতির পদে দায়িত্ব দিয়েছেন। এজন্য আমার নেতা জনাব তারেক রহমানকে এবং ছাত্রদল কেন্দ্রীয় সংসদের সভাপতি ও সাধারণ সম্পাদক কে কৃতজ্ঞতা জানাচ্ছি। তিনি আরও বলেন, আমার নেতা বিএনপি চেয়ারম্যান জনাব তারেক কতৃক ঘোষিত মানবিক ও মেধাভিত্তিক ছাত্র রাজনীতি প্রতিষ্ঠার জন্য আমি কাজ করে যাব। ইনশাআল্লাহ।”

LENS ASIA